24

দৈনিক বাংলা

তারিখ ... 16 JUN 1996 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ......

# পিরোজপুরে ছয় হাজার লোকের স্বাক্ষরজ্ঞান লাভ

সংবাদদাতা ঃ পিরোজপুর।–জেলায় আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম এগিয়ে চলছে। এ পর্যন্ত পিরোজপুর জেলায় প্রায় ৬ হাজার বয়স্ক ব্যক্তিকে সাক্ষরজ্ঞানদান করা হয়েছে। বর্তমানে ১ হাজার ২০০ বয়স্ক ব্যক্তিসহ প্রায় সাড়ে ৫ হাজার শিশু-কিশোর শিক্ষা গ্রহণ করছে।

জানা গেছে, গত '৯৪ সালে এ শিক্ষা কার্যক্রম শুরু হওয়ার পর পিরোজপুর জেলা কো-অর্ডিনেটর পরিচালিত ৪০টি, রিসোর্স ইন্টিগ্রেটেড সেন্টারের ৭৫টি এবং অন্বেষা ফাউন্ডেশন পরিচালিত ৬০টি বয়স্ক শিক্ষা কেন্দ্রের মাধ্যমে এ পর্যন্ত ৫ হাজার ৬শ ৫০ জন বয়স্ক ব্যক্তিকে সাক্ষরজ্ঞানদান করা হয়েছে।

রিসোর্স ইন্টিগ্রেটেড সেন্টার ইতোমধ্যে প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ৪৫০ জন শিশুকে বিদ্যালয়মুখী করতে পেরেছে। বর্তমানে পিরোজপুরে উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদফতরের অধীনে ১৮০টি কেন্দ্রের মাধ্যমে ১২শ বয়স্ক ব্যক্তিসহ ৫ হাজার ৪শ শিশু-কিশোরকে নিয়মিত শিক্ষাদান করা হচ্ছে। এর মধ্যে রিসোর্স ইন্টিগ্রেটেড সেন্টারের ৬০টি কেন্দ্রে ১৮শ কিশোর-কিশোরী, অন্বেষা ফাউন্ডেশনের ৭৫টি কেন্দ্রে ১ হাজার ৫০ জন কিশোর-কিশোরী ও ৯শ জন শিশু এবং বাংলাদেশ মসজিদ মিশন পরিচালিত ১৫টি কেন্দ্রে ৪শ ৫০ জন কিশোর-কিশোরী ও ৩০টি কেন্দ্রে ১২শ বয়স্ক শিক্ষার্থী রয়েছে।

এছাড়া উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধি-দফতরের মাধ্যমে চালু রয়েছে ১০টি গ্রাম শিক্ষা মিশন কেন্দ্র। সাধারণভাবে নিরক্ষর ও আর্থসামাজিক কারণে প্রচলিত শিক্ষা গ্রহণে অক্ষম-বা ব্যর্থ বয়স্ক ও শিশু-কিশোররা এসব কেন্দ্রে শিক্ষা লাভের সুযোগ পাচ্ছে। এদেরকে বিনামূল্যে দেয়া হচ্ছে যাবতীয় শিক্ষা উপকরণ।

এখানে বয়স্ক শিক্ষার মেয়াদকাল ১০ মাস এবং শিশু (মৌলিক) ও কিশোর-কিশোরীদের ক্ষেত্রে শিক্ষাকাল ২ বছর। প্রতিটি শিক্ষাকেন্দ্রে নির্দিষ্ট ৩০ জন শিক্ষার্থীর জন্য শিক্ষক রয়েছেন একজন। আর ১৫ জন শিক্ষকের কাজ তদারকী করছেন ১৫ জন পরিদর্শক।

শিশু-কিশোর শ্রেণীকাল বিকেল ৪ থেকে ৬টা এবং বয়স্কদের জন্য সন্ধ্যা ৬ থেকে রাত ৮টা পর্যন্ত। জানা গেছে, এসব শিক্ষা কেন্দ্রে শিশু-কিশোর শিক্ষার্থীদের উপস্থিতির হার বেশী।